

# আমাদেৱময়

ইন্সট ওয়েস্ট ইউনিভার্সিটিতে ২ দিনব্যাপী অর্থনৈতিক গবেষণা সম্মেলন

অনলাইন ডেক্স

০১ মার্চ ২০২৪, ০৫:১৫ পিএম



অর্থনৈতিক গবেষণা সম্মেলনে বক্তা ও আগত অতিথিৰা

ইন্সট ওয়েস্ট ইউনিভার্সিটিৰ অর্থনৈতি বিভাগ দুই দিনব্যাপী 'তয় ইন্সট ওয়েস্ট ইকোনমিজ রিসার্চ কনফ্ৰেন্স ২০২৪' শিরোনামে গবেষণা সম্মেলনেৰ আয়োজন কৰা হয়েছে। ১ ও ২ মার্চ রাজধানীৰ আফতাৰ নগৱেৰ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয় এ সম্মেলন। এ ধৰনেৰ গবেষণা সম্মেলনেৰ মাধ্যমে তরুণ গবেষকদেৱ অর্থনৈতিবিদ ও বিশেষজ্ঞদেৱ কাছ থেকে গবেষণা শৈক্ষা, উপস্থাপন কৰা এবং প্রতিক্ৰিয়া পাবাৰ সুযোগ কৰে দেয়।

সম্মেলনেৰ উদ্ঘোধনী অধিবেশনেৰ বিষয় ছিল 'টেকসই এবং সৱবৰাহ ব্যবস্থাপনা'। মূল প্ৰবন্ধ উপস্থাপন কৰেন জার্মানিৰ কুহেনে লজিস্টিক ইউনিভার্সিটিৰ অধ্যাপক, ডেন্টেল অ্যালান সি. ম্যাককিনন। তিনি জলবায়ু সংকট মোকাবিলায় সৱবৰাহ ব্যবস্থাপনাৰ ভূমিকা কী হতে পাৰে সে বিষয়ে বিশদ আলোচনা কৰেন। একইসাথে তিনি আন্তৰ্জাতিক বাণিজ্যেৰ বিভিন্ন ধাপেৰ মধ্যে ব্যবধান কমিয়ে আনাৰ তাগিদ দেন। তাৰ মতে, আমাদেৱ সম্পদেৰ পুনৰ্ব্যবহাৰ (রিসাইকেলিং) বাঢ়াতে হবে। তিনি জলবায়ু সংকট মোকাবিলায় কম কাৰ্বন ব্যবহাৰ কৰতে যে উচ্চ খৰচ হয় সেটাও কমিয়ে আনাৰ ওপৱে জোৱ দেন।

আলোচনায় ইন্সট ওয়েস্ট ইউনিভার্সিটিৰ প্ৰধান উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকেৰ সাবেক গভৰ্নৰ অধ্যাপক ড. মোহাম্মদ ফৱাসউদ্দিন বলেন, জলবায়ু পৱিতৰ্তন মোকাবিলায় কৰা বৈশ্বিক চুক্তি সৱাইকে মেনে চলতে হবে। আমাদেৱ প্ৰাকৃতিক সম্পদ যেন শুধুমাত্ৰ বৰ্তমান প্ৰজন্মেৰ সমৃদ্ধিৰ ব্যবহৃত না হয়, এখান থেকে ভবিষ্যৎ প্ৰজন্মেৰ সন্তাৱাৰা সুফল ভোগ কৰতে পাৰে সেই লক্ষ্য রেখে কাজ কৰে যেতে হবে।

ইন্সট ওয়েস্ট ইউনিভার্সিটিৰ উপাচার্য অধ্যাপক শামস রহমান জলবায়ু সংকটেৰ কাৱণে সৃষ্টি চ্যালেঞ্জ মোকাবিলায় উদ্ভাবনী ক্ষমতা কাজে লাগানোৰ প্ৰতি গুৱাতৃ দেন। আলোচনায় স্বাগত বক্তব্য দেন ইন্সট ওয়েস্ট ইউনিভার্সিটিৰ অর্থনৈতি বিভাগেৰ চেয়াৰপাৰসন ড. মুনতাসিৰ চৌধুৱী।

দুই দিনেৰ সম্মেলনেৰ প্ৰায় ২০০ জন অংশগ্ৰহণকাৰী এবং ১৫টি গবেষণা প্ৰবন্ধ উপস্থাপন কৰা হয়। অনুষ্ঠানে ইন্সট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়েৰ ট্ৰাস্টি বোৰ্ডেৰ সদস্যৱা, উপ- উপাচার্য, কোষাধ্যক্ষ, ডিন, শিক্ষক, কৰ্মকৰ্তা-কৰ্মচাৰী এবং শিক্ষার্থীৱা অংশ নেন।